দৈনিক বাংলা

তারিখ 05 AUG 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ৭ ...

কুয়ালালামপুরে প্রতিযোগিতা

# ঢাকা ভার্সিটি বিতর্ক দল এশিয়ায় শ্রেষ্ঠ

কুয়ালালামপুরস্থ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে গত ৫ থেকে ১২ জুলাই পর্যন্ত অনুষ্ঠিত ষ্টার অষ্ট্রেলেশিয়ান ইন্টারভার্সিটি ডিবেটিং চ্যাম্পিয়নশীপ '৯৩ -এ ঢাকা বিশ্ববিদ্যালয় বিতর্ক দল এশিয়ার শ্রেষ্ঠ দল হওয়ার গৌরব অর্জন করেছে।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বাংলা-

(৭-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি বিতর্ক দল

(প্রথম পৃষ্ঠার পর)

দেশ দলের সদস্য ছিলেন ঢাকা মেডিক্যাল কলেজের ৫ম বর্ষ এমবিবিএস -এর ছাত্র এএসএম আব্দুল নুর, দলনেতা ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের দ্বিতীয় বর্ষ সম্মানের ছাত্র এসএম শামীম রেজা এবং অর্থনীতি বিভাগের তৃতীয় বর্ষ সম্মানের ছাত্র মোঃ আমিনুর রহমান। এছাড়া দলের সংগে এ্যাডজুডিকেটর হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটের প্রফেসর ডঃ বেগম জাহান আরা।

এবারের বিতর্ক প্রতিযোগিতায় এশিয়া এবং অষ্ট্রেলিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে মোট ৫৬টি দল অংশ নিয়েছিলো। খবর সংবাদ বিজ্ঞপ্তির।